গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
কৃষি মন্ত্রণালয়
আঞ্চলিক কার্যালয়, পীরগঞ্জ, রংপুর।
www.birtan.rangpur.gov.bd

স্মারক নং ১২.০৯.৮৫৭৬.০২৫.০০৩.২৫.০০০১.২৬-২০৩

তারিখ: ০৯ কার্তিক ১৪৩৩ / ২৫ অক্টোবর ২০২৬

বিষয়ঃ খাদ্যভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ক ০৩ (তিন) দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। বারটান দেশে খাদ্য ও পুষ্টি সম্পর্কিত সচেতনতা বৃদ্ধির মাধ্যমে জনস্বাস্থ্যের উন্নয়ন তথা প্রয়োজনীয় সুষম খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের উদ্দেশ্যে কৃষি সেক্টরে খাদ্য ভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। খাদ্যভিত্তিক পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ ও মাঠ গবেষণা লব্ধজ্ঞান কাজে লাগিয়ে স্বল্প মূল্যে পুষ্টিমান সমৃদ্ধ খাবার গ্রহণ, সুষম খাবার নির্বাচন, বয়স ও রোগভিত্তিক খাদ্য নির্বাচন, বিভিন্ন খাদ্যের পুষ্টিমান বিষয়ে সচেতনতা বৃদ্ধির মাধ্যমে পুষ্টি সমস্যা নিরসনে ভূমিকা রেখে জাতীয় উন্নয়নে বারটান অবদান রাখছে। এরই অংশ হিসেবে বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) এর **রাজস্ব বাজেটের** ব্যবস্থাপনায় আগামী ২৫-২৭ অক্টোবর ২০২৬ তারিখ পর্যন্ত ০৩ (তিন) দিনব্যাপী ২ (দুই) ব্যাচ প্রশিক্ষণ কার্যক্রম গাইবান্ধা জেলার সাঘাটা উপজেলায় বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। প্রশিক্ষণার্থীর ধরন, সংখ্যা নিম্নে উল্লেখ করা হলোঃ

ব্যাচ নং	প্রশিক্ষণার্থীর ধরণ	প্রশিক্ষণার্থীর সংখ্যা	প্রশিক্ষণ বাস্তবায়ন	
			তারিখ	স্থান
১ম ব্যাচ	নতুন নিয়োগপ্রাপ্ত এসএএও সর্বোচ্চ ৮ জন, মাধ্যমিক স্কুল/মাদ্রাসার শিক্ষক (বিজ্ঞান/কৃষি শিক্ষা/গার্হস্থ বিজ্ঞান/শারীরিক শিক্ষা বিভাগের) সর্বোচ্চ-১০ জন, স্যানেটারী ইন্সপেক্টর -১, ইন্সপেক্টর পরিবার পরিকল্পনা-২, সহকারী শিক্ষা অফিসার প্রাথমিক-১, মাধ্যমিক একাডেমিক সুপার ভাইজার-১ জন, সহ: যুব উন্নয়ন কর্মকর্তা-১জন, সহকারী সমাজ সেবা অফিসার-১, এআরডিও-১জন, তথ্য আপা-১ জন, ইমাম/পুরোহিত-২, এনজিও-১ জন, সকল অংশগ্রহানকারীর বয়স সর্বোচ্চ ৫০ বছরের মধ্যে হওয়া বাঞ্চনীয়।	৩০ জন	৩-৫ নবেম্বর ২০২৬খ্রি.	উপজেলা পরিষদহল রুম, সাঘাটা, গাইবান্ধা।
২য় ব্যাচ	কৃষাণ-কৃষাণী এবং [আশ্রয়ন/আদর্শ গ্রাম বা এধরনের প্রান্তিক জনগোষ্ঠির মধ্য থেকে প্রশিক্ষণার্থী বাছাই করার জন্য অনুরোধ করা হলো। এছাড়াও প্রশিক্ষণার্থী শারীরীক এবং মানসিক ভাবে প্রশিক্ষণ গ্রহণের উপযুক্ত হয় **(সকল অংশগ্রহারীর বয়স সর্ব্বোচ্চ ৫০ বছরের মধ্যে)** সেদিকে বিবেচনা করার জন্য অনুরোধ করা হলো : **পুরুষ-১৫ জন, মহিলা-১৫জন**]	৩০ জন	৩-৫ নবেম্বর ২০২৬খ্রি.	উপজেলা পরিষদহল রুম, সাঘাটা, গাইবান্ধা।

উল্লেখ্য, **রাজস্ব বাজেট** অনুযায়ী সকল প্রশিক্ষণার্থীবৃন্দ প্রশিক্ষণ ভাতা হিসাবে মাথাপিছু দৈনিক শুধুমাত্র ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র প্রাপ্য হবেন। এমতাবস্থায়, প্রশিক্ষণার্থী নির্বাচন এবং অন্যান্য রিসোর্স পার্সন (বারটান-এর কর্মকর্তা ব্যতীত) মনোনয়নের ব্যবস্থা গ্রহণ এবং মনোনীত প্রশিক্ষণার্থীদের **(পূর্বে যারা প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদের মনোনয়ন দেওয়া যাবে না এবং প্রত্যেক অংশগ্রহন কারীগণ এনআইডি নম্বরসহ আসবেন)** তালিকা আগামী ২৯ অক্টোবর ২০২৬ইং তারিখের মধ্যে ই-মেইলের মাধ্যমে (ssopirganj@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২৫/১০/২৬
(ড. মো: ছাদেকুল ইসলাম)
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান

উপজেলা কৃষি অফিসার
সাঘাটা, গাইবান্ধা।

অনুলিপি বিতরণঃ সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।
০১। পরিচালক, বারটান প্রধান কার্যালয়, বিশনান্দ, আড়াইহাজার, নারায়নগঞ্জ।
০২। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সাঘাটা, গাইবান্ধা।
০৩। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, (আঞ্চলিক কার্যালয় ও প্রশিক্ষণ), বারটান প্রধান কার্যালয়,বিশনন্দি আড়াইহাজার, নারায়নগঞ্জ।
০৪। সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা, বারটান আঞ্চলিক কার্যালয়, পীরগঞ্জ, রংপুর [প্রশিক্ষণের সার্বিক ব্যবস্থা গ্রহনের জন্য বলা হলো]।
০৫। নির্বাহী পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী [নির্বাহী পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
০৬। আইসিটি (ফোকাল), বারটান আঞ্চলিক কার্যালয়, পীরগঞ্জ, রংপুর [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]।
০৭। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।